দৈনিক সংবাদ

তারিখ 07 OCT 1990
পৃষ্ঠা ৭ কলাম ৩

41

# জাতীয় ঐক্যের ভিত্তিতে শিক্ষাব্যবস্থায় গুণগত পরিবর্তন আনতে হবে

## —প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, জাতীয় ঐক্যের ভিত্তিতে শিক্ষাব্যবস্থায় গুণগত পরিবর্তন আনতে হবে। তিনি বলেন, জাতীয় অগ্রযাত্রার জন্য যেসব মৌলিক প্রশ্নে আমাদের

( ৭-এর পাতায় দেখুন )

## প্রধানমন্ত্রী

(১ম পাতার পর)

মতৈক্যে পৌঁছুতে হবে শিক্ষা তার মধ্যে প্রধান।

প্রধানমন্ত্রী গতকাল শিল্পকলা একাডেমী মিলনায়তনে '৯১ সালের ১লা জানুয়ারী থেকে শুরু বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের সাফল্যের লক্ষ্যে দেশের সকল সরকারী ও বেসরকারী কলেজ ও কামেল মাদ্রাসার অধ্যক্ষদের সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

কাজী জাফর আহমদ বলেন, শিক্ষা ও জ্ঞানের জগতে জাতি হিসেবে আমাদের গৌরবময় ঐতিহ্য রয়েছে। একদা অতীশ দীপঙ্কর এখান থেকে জ্ঞানের আলোকবর্তিকা নিয়ে শ্যামদেশ (থাইল্যাণ্ড), দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশ সফর করেন ও চীনে গিয়ে স্থিত হন। সেই ঐতিহ্য পুনরুদ্ধারে আমাদের সচেষ্ট হতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, পৃথিবীব্যাপী এখন যে জাগৃতির পদধ্বনি ও অগ্রবর্তিতার প্রতিযোগিতা তার সাথে তাল মিলিয়ে আমাদের চলতেই হবে এবং সেজন্য শিক্ষার কোন বিকল্প নেই। তিনি বলেন, নিরক্ষরতা সমাজের সকল ক্ষেত্রেই অভিশাপের মত চেপে বসেছে। পরিবার কল্যাণ, স্বাস্থ্য প্রযত্ন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, কৃষি উৎপাদন, শিল্পোৎপাদন ইত্যাদি জাতীয় অস্তিত্বের সাথে সম্পর্কিত সকল ক্ষেত্রেই শিক্ষার প্রয়োজনীয়তা অপরিহার্য। তাই এই অভিশাপ দূর করতে চাই দুর্বার সামাজিক আন্দোলন। দেশের সকল কলেজ অধ্যক্ষকে এই আন্দোলনে অংশগ্রহণের আহ্বান জানিয়ে তিনি বলেন, শিক্ষিত ও সচেতন জনগোষ্ঠী হওয়া সত্ত্বেও যারা জাতির প্রয়োজনে সাড়া দিতে ব্যর্থ হবে তারা দায়িত্বের প্রতি অবহেলা করবে। ইতিহাস তা ক্ষমা করবে না। খবর তথ্য বিবরণীর।